# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 MARCH 2026** **7:45—7:55**

---

১) দুদিনের সফরসূচি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল আসাম আগমন । ৩৭ হাজার ৫শো কোটি টাকা ব্যায় সাপেক্ষে বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস । আগামী শনিবার প্রধানমন্ত্রীর শিলচর আগমন ।

২) আসামের জি আই ট্যাগযুক্ত ২৫ মেট্রিক টন জোহা চাল বিদেশে রপ্তানি ।

৩) বিহার বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ নন্দ কিশোর যাদবের আগামীকাল নাগাল্যান্ডের ২৩তম রাজ্যপাল হিসেবে শপথ গ্রহণ ।

এবং

৪) আসাম দর্শন কার্যসূচির অধীনে হাইলাকান্দি জেলার ১৫০টি মন্দির ও উপাসনালয়কে আজ প্রথম কিস্তির চেক প্রদান ।

--------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের সফরসূচি নিয়ে আগামীকাল আসাম আসছেন । এই সফরকালে তিনি ৩৭ হাজার ৫শো কোটি টাকা ব্যায়সাপেক্ষে বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাশ করবেন । শ্রী মোদী প্রথম কোকরাঝারে একটি জনসভায় অংশ গ্রহণ করে ৪ হাজার ৫শো ৭৪ কোটি টাকা ব্যায়সাপেক্ষে পরিকাঠামো প্রকল্প উদ্বোধন এবং শিলান্যাস করবেন । প্রধানমন্ত্রীর আগমনের পরিপ্রেক্ষিতে কোকরাঝারের বড়োফা নগরের গ্রীন ফিল্ডের চূড়ান্ত প্রস্তুতির কাজ ইতিমধ্যেই সম্পন্ন করা হয়েছে । আমাদের কোকরাঝারের সংবাদদাতা এ সম্পর্কে বিস্তারিত জানিয়ে বলেন -------(ভয়েসকাষ্ট )

এর পর প্রধানমন্ত্রী আগামীকাল সন্ধ্যায় গৌহাটি পৌছে বেশ কয়েকটি কার্যসূচিতে অংশ গ্রহণ করবেন । তিনি রাজ্যের ২০ হাজার চা-শ্রমিককে জমির পাট্টা প্রদানের শুভারম্ভ করবেন । শ্রী মোদী ২ হাজার ৩শো ২০ কোটি টাকা ব্যায় সাপেক্ষে পশ্চিম কার্বি আংলং-এর কপিলী জলবিদ্যুৎ প্রকল্পের উৎপাদ প্রক্রিয়ারও
শুভারম্ভ করবেন । তিনি গৌহাটিতে ১০ হাজার কোটির অধিক টাকা ব্যায়সাপেক্ষে অন্যান্য কয়েকটি প্রকল্পের উদ্বোধন করবেন । এই অনুষ্ঠানে তিনি প্রধানমন্ত্রী কিশান সম্মান নিধির ২২তম কিস্তির সূচনা করবেন । প্রধানমন্ত্রী এই প্রকল্পের অধীনে দেশের প্রায় ৯ কোটি ৩২ লক্ষ কৃষকের ব্যাঙ্ক একাউন্টে প্রত্যক্ষ লাভ হস্তান্তরের মাধ্যমে ১৮ হাজার ৬শো ৬০ কোটি টাকা প্রেরণ করবেন । প্রধানমন্ত্রীর আগামীকালের কার্যসূচি সম্পর্কে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সাংবাদিকদের জানান ------ ( বাইট )

এই সফর সূচির অংশ হিসেবে প্রধানমন্ত্রী আগামী শনিবার শিলচর আসবেন । ওইদিন তিনি শিলচরে ২৪ হাজার ৫০৫ কোটি টাকার প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন ।

এদিকে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আগামী রবিবার রাজ্যে আসছেন । ওইদিন সকাল দশটায় তিনি প্রাগজ্যোতিষপুর মেডিকেল কলেজের উদ্বোধন করবেন । এবং পরে সকাল এগারোটায় তিনি বিজেপি'র আয়োজন করা সম্মেলনে অংশগ্রহণ করবেন ।

------------------------------------------------------------------------------------------

কৃষি কাজে নিয়োজিত মহিলাদের মধ্যে নেতৃত্বের প্রতি অনুপ্রাণিত করা অতি প্রয়োজন বলে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু প্রকাশ করেছেন । নতুনদিল্লীতে অনুষ্ঠিত ২০২৬ সালের কৃষি কাজের  পদ্ধতিতে মহিলাদের ভূমিকা সম্পর্কে বিশ্ব সম্মেলনের উদ্ভোধন করে রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু এই মন্তব্য করেন । ভারত মহিলা নেতৃত্বাধীন বিকাশকে বাছাই করেছে বলে উল্লেখ করে তিনি বলেন যে কৃষি খন্ডে নিয়োজিত মহিলাদের নীতি গঠন , সিদ্ধান্ত গ্রহণ ও নেতৃস্থানে বিশেষ ভূমিকা  লাভ করা উচিত । এই ক্ষেত্রে প্রতিটি পর্যায়ে মহিলাদের ব্যাপক অংশ গ্রহণ কৃষি ক্ষেত্রের বিকাশে লিংগ সমতার প্রসার করবে বলে রাষ্ট্রপতি উল্লেখ করেন ।

------------------------------------------------------------------------------------------

লোকসভার অধ্যক্ষ ওম বিরলা বলেছেন যে তিনি সভার কাজকর্ম সবসময় নিরপেক্ষভাবে ও নিয়মানুবর্তিতা অনুসারে হোয়া নিশ্চিত করতে চেষ্টা করেন । বিরোধী পক্ষের সদস্যদের অধ্যক্ষের বহিষ্কারের দাবীতে উত্থাপন করা প্রস্তাব সম্পর্কে এক বিবৃতি দিয়ে শ্রী বিরলা বলেন যে তিনি সকলের সংগে সহযোগীতা রক্ষা করে নিয়ম অনুযায়ী নিজের দায়িত্ব পালন করে আসছেন । শ্রী বিরলা বলেন যে তিনি সবসময়

সভার মর্যাদা ও সম্মান বজায় রাখার নিশ্চিত প্রয়াস করে আসছেন । এছাড়া সভায় সকল সদস্যকে সমান সুযোগ প্রদানের ও চেষ্টা করে আসছেন বলে শ্রী বিরলা উল্লেখ করেন । উল্লেখ্য বিরোধী পক্ষের সদস্যরা অধ্যক্ষের বিরুদ্ধে আনা বহিষ্কারের প্রস্তাব গতকাল ধ্বনিভোটের মাধ্যমে খন্ডন করা হয় ।

এদিকে বিরোধী পক্ষের সদস্যদের সৃষ্টি করা হৈ হট্টগোলপূর্ন পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আজ লোকসভার কাজকর্ম বেলা ১২ পর্যন্ত স্থগিত রাখা হয় ।বেলা ১১ টায় সভায় মিলিত হবার সময় অধ্যক্ষ ওম বিরলা প্রশ্নকাল চালিয়ে নেওয়ার চেষ্টা করলে ও বিরোধী সদস্যরা বিভিন্ন বিষয়ে শ্লোগান দিতে থাকেন । অধ্যক্ষ প্রশ্নকালকে অতি গুরুত্বপূর্ন বলে উল্লেখ করে সকলকে প্রশ্নকাল চালিয়ে নিতে সহযোগীতা করতে আহ্বান জানান। এরপর ও বিরোধী পক্ষের সদস্যরা অধ্যক্ষের আহ্বানের প্রতি সহযোগীতা না করলে সভার কাজ কর্ম বেলা ১২ টায় স্থগিত রাখা হয় ।

---------------------------------------------------------------------------------------

বিশ্বের বিভিন্ন প্রান্তে আসাম কৃষি সামগ্রী রপ্তানির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে আজ প্রায় ২৫ মেট্রিকটন জোহা চাল প্রথমবারের মত ব্রিটেইন এবং ইটালিতে রপ্তানি করা হয় । কৃষিমন্ত্রী অতুল বরা খানাপাড়ার কৃষি ভবণ থেকে পতাকা নাড়িয়ে এই রপ্তানি কার্যের শুভারম্ভ করেন । রাজ্য সরকারের কৃষি বিভাগ তথা কৃষি ও খাদ্য সামগ্রী রপ্তানী বিকাশ কর্তৃপক্ষ ( এ পি ই ডি )-র সহযোগিতায় জি আই ট্যাগ যুক্ত জোহা চাল রপ্তানী করা হয়েছে । উল্লেখ্য যে আসামের স্থানীয় জোহা চাল ২ হাজার ১৭ সালে ভৌগলিক সূচাঙ্ক লাভ করেছিল । এই চাল রপ্তানীর মাধ্যমে আর্ন্তজাতিক বাজার দখল করা সম্ভব হবে বলে আশা প্রকাশ করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

বিহার বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ নন্দ কিশোর যাদব আগামীকাল নাগাল্যান্ডের ২৩তম রাজ্যপাল হিসেবে শপথ গ্রহণ করবেন । কোহিমার লোকভবণে ডক্টর ইমকংলিবা স্মারক প্রেক্ষাগৃহে শপথ গ্রহণ কার্যসূচি অনুষ্ঠিত হবে । যদিও গত ৫ মার্চ তাকে নাগাল্যান্ডের রাজ্যপাল হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছিল তবে আগামীকাল তিনি অনুষ্ঠানিকভাবে এই পদের দায়িত্বভার গ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে অসম দর্শন কর্মসূচীর অধীনে আজ জেলার ১৫০ টি মন্দির ও ধর্মীয় উপাসনালয়গুলিকে প্রথম কিস্তি হিসেবে দেড় লক্ষ টাকা করে চেক প্রদান করা হয়েছে । জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে প্রতিটি মন্দির ও

উপাসনালয় পরিচালন কমিটিকে পৃথক নির্মান কমিটি , ব্যাঙ্কে যৌথ একাউন্ট খোলা এবং নির্ধারিত নিয়ম অনুযায়ী উন্নয়নমূলক কাজ করার আহ্বান জানিয়েছেন । জেলা আয়ুক্ত শ্রীজৈন সরকারী নীতি-নির্দেশিকা মেনে সুষ্ঠ ও সুন্দরভাবে দ্রুত নির্মান কাজ শেষ করার পরামর্শ দিয়েছেন । আজকের অনুষ্ঠানে বিজেপির জেলা সভাপতি কল্যান গোস্বামী , মিলন দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচন উপলক্ষে হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে নির্বাচনী প্রস্তুতি জোরদার করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলা আয়ুক্তের কার্যলয়ের সম্মেলন কক্ষে গতকাল বিভিন্ন নির্বাচনী সেলের প্রস্তুতি পর্য্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে আসন্ন বিধানসভা নির্বাচনকে স্বচ্ছ , শান্তিপূর্ন ও গনতান্ত্রিক পরিবেশে সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি গ্রহন করা হয়েছে এবং আগামী দিনগুলিতে প্রস্তুতি আরো জোরদার করা হবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের উদ্যোগে এবং ভারতীয় জ্ঞান পরম্পরা কেন্দ্রের সহযোগীতায় গতকাল বিশ্ববিদ্যালয়ে পান্ডুলিপি বিষয়ক এক দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । কর্মশালায় পান্ডুলিপির অনুবাদ , সংরক্ষন , অন্যান্য ক্লাস্টার কেন্দ্র গঠন এবং ভবিষৎ পরিকল্পনার উপর জোর দেওয়া হয় ।

---------------------------------------------------------------------------------------

বধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে রাজ্যে রাজনৈতিক দলগুলির প্রার্থী তালিকা প্রকাশ করা সহ বিভিন্ন প্রস্তুতি অব্যাহত রয়েছে । ক্ষমতাসীন বিজেপি আগামী ১৭ ই মার্চ সবকটি বিধানসভা আসনের জন্য প্রার্থী তালিকা ঘোষনা করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন ।

কংগ্রেস দল ৪২ জন প্রার্থীর প্রথম প্রার্থী তালিকা কিছুদিন আগে প্রকাশ করেছে ।রাইজর দল ১১ জন প্রার্থীর প্রথম তালিকা প্রকাশ করেছে ।

কংগ্রেস দল চলতি সপ্তাহে দ্বিতীয় প্রার্থী তালিকা ঘোষনা করবে বলে সাংসদ তথা আসাম প্রদেশ কংগ্রেসের সভাপতি গৌরব গগৈ প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------------------